সমকাল

তারিখ ... 20 AUG 2015 ...
পৃষ্ঠা ... 2 ... কলাম ... 2 ...

### উচ্চ মাধ্যমিকে ফল বিপর্যয়

# কারণ অনুসন্ধানে ১০ শিক্ষা বোর্ডকে মন্ত্রীর নির্দেশ

■ সমকাল প্রতিবেদক

এ বছর উচ্চ মাধ্যমিকের ফল বিপর্যয়ের কারণ অনুসন্ধান করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য ১০টি শিক্ষা বোর্ডকে নির্দেশ দিয়েছে শিক্ষা মন্ত্রণালয়। বুধবার সকালে শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদের সভাপতিত্বে অনুষ্ঠিত এক সভায় এ নির্দেশ দেওয়া হয়। এতে সিদ্ধান্ত নেওয়া হয়, কর্মকর্তাদের দিয়ে নিজ নিজ শিক্ষা বোর্ডের বিভিন্ন মানের ২০টি কলেজ সরেজমিনে পরিদর্শন করিয়ে আগামী এক মাসের মধ্যে চেয়ারম্যানরা শিক্ষা মন্ত্রণালয়ে একটি প্রতিবেদন জমা দেবেন। এরপরই দরকারি ব্যবস্থা নেবে শিক্ষা মন্ত্রণালয়।

সভায় একই সঙ্গে মন্ত্রণালয়ের সকল কার্যক্রম দ্রুতগতিতে সম্পন্ন করা, প্রধানমন্ত্রীর প্রতিটি নির্দেশ যথাযথভাবে বাস্তবায়ন, সব কাজ সুনির্দিষ্ট সময়ে শেষ করা, অনিষ্পত্তি বিধি ও আইনের নথি দ্রুত নিষ্পত্তি করা, নিজ শাখার কাজের অগ্রগতি নিয়মিত জ্যেষ্ঠ কর্মকর্তাদের অবহিত করাসহ কর্মকর্তাদের মোট ২৬টি নির্দেশনা দেওয়া হয়েছে। শিক্ষা মন্ত্রণালয়ের সব উইংপ্রধান, দপ্তরপ্রধান ও পিডিরা (প্রজেক্ট ডিরেক্টর) সভায় অংশ নেন।

সভায় বলা হয়, বেসরকারি বিশ্ববিদ্যালয়ের উচ্চশিক্ষায় ধার্য করা ভ্যাটের কারণে সর্বমহলে ক্ষোভ বিরাজ করছে। এ বিষয়ে কী পদক্ষেপ নেওয়া যায়, তা নিয়ে আলোচনা করা হয়। আগামী শিক্ষাবর্ষের নতুন পাঠ্যপুস্তক নির্ধারিত সময়ের মধ্যেই যেন এনসিটিবি ছাপানো ও সরবরাহ নিশ্চিত করে, তার তদারকির নির্দেশ দেওয়া হয়েছে। এছাড়া পাবলিক বিশ্ববিদ্যালয়ের সঙ্গে সরকারি কলেজকে অন্তর্ভুক্তিকরণ; দেশের যে সব উপজেলায় সরকারি হাইস্কুল বা কলেজ নেই সেখানে একটি করে স্কুল ও কলেজ সরকারিকরণ; উপজেলায় টেকনিক্যাল স্কুল অ্যান্ড কলেজ প্রকল্প বাস্তবায়ন; আশুলিয়ায় প্রস্তাবিত অটিস্টিক একাডেমির কাজ শুরু করার বিষয়ে সংশ্লিষ্ট দপ্তরপ্রধানদের নির্দেশ দেওয়া হয়েছে।

বৈঠকে গুরুত্ব দেওয়া হয়েছে, পাবলিক বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের বেতন ও পদমর্যাদা বিষয়টি। এছাড়া এমপিওভুক্ত শিক্ষকদের বেতন সরকারি কর্মচারীদের সঙ্গে সঙ্গতিপূর্ণ করা, শিক্ষকদের সর্বস্তরে পদোন্নতি দেওয়ার বিষয়েও আলোচনা হয়।

আসন্ন জেএসসি ও জেডিসি পরীক্ষার প্রশ্নপত্র ফাঁস রোধে কঠোর ব্যবস্থা নেওয়ার সিদ্ধান্ত হয়েছে গতকালের এ সভায়। এ জন্য আগামী ২৩ সেপ্টেম্বর সরকারি মুদ্রণালয়ের (বিজি প্রেস) অভ্যন্তরে পুলিশ, র‌্যাবসহ সকল আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনী ও গোয়েন্দা সংস্থার প্রতিনিধিদের নিয়ে শিক্ষামন্ত্রীর উপস্থিতিতে সভা করারও সিদ্ধান্ত নেওয়া হয়।